



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সেমিনারে আসছেন মিজানুর রহমান আজহারী



সংগৃহীত ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আগামী ১৪ জানুয়ারি সন্ধ্যা ৬টায় অনুষ্ঠিত হতে যাচ্ছে শিক্ষামূলক সেমিনার ‘আধুনিক যুগে ইসলামিক লাইফস্টাইল’। সেমিনারটি আয়োজন করেছে শিক্ষামূলক সংগঠন পাঠশালা এবং স্থান হবে বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তন।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট ইসলামিক স্কলার ও চিন্তাবিদ ড. মিজানুর রহমান আজহারী। তিনি আধুনিক সমাজ, প্রযুক্তিনির্ভর জীবনধারা ও বৈশ্বিক বাস্তবতার প্রেক্ষাপটে একজন মুসলমানের নৈতিক ও জীবনধারার দিকনির্দেশনা কুরআন ও সুন্নাহভিত্তিক আলোচনায় তুলে ধরবেন।

আয়োজকরা জানিয়েছেন, সেমিনারের মূল লক্ষ্য শিক্ষার্থীদের নৈতিকতা, মূল্যবোধ ও সমসাময়িক চ্যালেঞ্জ মোকাবেলায় ইসলামিক জীবনদর্শন বোঝানো।

সেমিনারে আসন সংখ্যা সীমিত থাকায় আগ্রহী শিক্ষার্থীদের আগাম গুগল ফরমে নিবন্ধন করতে হবে। নিবন্ধন সম্পন্ন শিক্ষার্থীরাই সেমিনারে অংশগ্রহণ করতে পারবেন।

পাঠশালা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীকে উন্মুক্ত আমন্ত্রণ জানিয়েছে।